

নম্বর-৩৩.০০.০০০০.১১৯.২৭.০০২.২৫-৩১

তারিখ: ১৪ মাঘ ১৪৩২  
২৮ জানুয়ারি ২০২৬

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ আহসান হাবীব প্রামানিক (গ্রেডেশন নং-১৫২০), উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রূপসা, খুলনা (প্রাক্তন সিনিয়র সহকারী পরিচালক, মহিষ প্রজনন ও উন্নয়ন খামার, বাগেরহাট ও অতিরিক্ত দায়িত্ব ভেড়া উন্নয়ন খামার, বাগেরহাট) হিসাবে দায়িত্ব পালনকালে গত ৩১/১০/২০২৪ তারিখে মহিষ প্রজনন ও উন্নয়ন খামার, ফকিরহাট বাগেরহাটে ভারত হতে আমদানিকৃত ২০ (বিশ) টি মুরাহ মহিষের অস্বাভাবিক মৃত্যু ঘটে। উক্ত ঘটনার পরিপ্রেক্ষে গঠিত ০৫ (পাঁচ) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গত ২৩/১২/২০২৪ তারিখে প্রাথমিক তদন্ত প্রতিবেদন দাখিল করেছে। তদন্ত কমিটি হতে প্রাপ্ত প্রাথমিক তদন্ত প্রতিবেদনে তার বিরুদ্ধে মহিষের সঠিক পরিচর্যার অভাবে রুগ্ন স্বাস্থ্য, মহিষ মৃত্যুর বিষয়ে স্থানীয় পুলিশ স্টেশনে কোন অভিযোগ দায়ের না করা, মহিষ মারা যাওয়ার পরবর্তী শুধুমাত্র একটি নমুনা সংগ্রহ করে মহিষগুলোকে মাটিচাপা দেওয়ার বিষয়ে দায়িত্বহীনতার অভিযোগ আনয়ন করায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়; এবং

০২। যেহেতু মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ১৮/০২/২০২৫ তারিখের ৩৩.০০.০০০০.১১৯.২৭.০০২.২৫-৪৬ নং স্মারকমূলে অভিযুক্ত কর্মকর্তাকে কারণ দর্শানোর নির্দেশ প্রদান করা হয় এবং একইসাথে তিনি ব্যক্তিগত শুনানি চান কি না জানতে চাওয়া হয়; এবং

০৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ আহসান হাবীব প্রামানিক (গ্রেডেশন নং-১৫২০), লিখিতভাবে কারণ দর্শানোর জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানির অনুরোধ করলে ২২ মে ২০২৫ তারিখে ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয় ও অভিযোগের বিষয়ে তদন্তের প্রয়োজনীয়তা রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং


০৪। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা গত ২৯ ডিসেম্বর ২০২৫ তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন এবং তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামতে উল্লেখ করেন যে, জনাব মোঃ আহসান হাবীব প্রামানিক (গ্রেডেশন নং-১৫২০)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি মোতাবেক 'অসদাচরণ' এর অভিযোগ প্রমাণিত হয়েছে; এবং

০৫। যেহেতু, অভিযোগনামা, অভিযোগ বিবরণী, অভিযুক্ত কর্মকর্তার জবাব, ব্যক্তিগত শুনানী, তদন্ত প্রতিবেদন এবং প্রাসঙ্গিক কাগজপত্রাদি পর্যালোচনান্তে অভিযুক্ত কর্মকর্তা জনাব মোঃ আহসান হাবীব প্রামানিক (গ্রেডেশন নং-১৫২০)-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ'-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় অভিযোগের প্রকৃতি ও গুরুত্ব বিবেচনায় তাকে 'তিরস্কার' সূচক দন্ড প্রদান করা সমীচীন বলে প্রতীয়মান হয়;

০৬। সেহেতু, জনাব মোঃ আহসান হাবীব প্রামানিক (গ্রেডেশন নং-১৫২০), উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রূপসা, খুলনা (প্রাক্তন সিনিয়র সহকারী পরিচালক, মহিষ প্রজনন ও উন্নয়ন খামার, বাগেরহাট ও অতিরিক্ত দায়িত্ব ভেড়া উন্নয়ন খামার, বাগেরহাট)-কে তার বিরুদ্ধে আনীত 'অসদাচরণ'-এর অভিযোগে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২) (ক) বিধি অনুযায়ী 'তিরস্কার' সূচক লঘুদন্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,




(আবু তাহের মুহাম্মদ জাব্বার)  
সচিব

(অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য)

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মহাপরিচালক (ভারপ্রাপ্ত), প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
২. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. পরিচালক, (প্রশাসন/উৎপাদন/সম্প্রসারণ/হিসাব, বাজেট ও নিরীক্ষা), প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা।
৪. উপসচিব (প্রাণিসম্পদ-১ শাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তার ব্যক্তিগত নথিতে তথ্যাদি সংরক্ষণের অনুরোধসহ)।
৫. সচিবের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৭. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. জনাব মোঃ আহসান হাবীব প্রামানিক (প্রোডেশন নং-১৫২০), উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, রূপসা, খুলনা (প্রাক্তন সিনিয়র সহকারী পরিচালক, মহিষ প্রজনন ও উন্নয়ন খামার, বাগেরহাট ও অতিরিক্ত দায়িত্ব ভেড়া উন্নয়ন খামার, বাগেরহাট)
৯. উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, রূপসা, খুলনা।
১০. ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা (সংশ্লিষ্ট কর্মকর্তার পিএমআইএস-এ উক্ত তথ্যাদি হালনাগাদকরণের অনুরোধসহ)।
১১. হিসাব রক্ষণ কর্মকর্তা, প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা।
১২. অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

  
(মোঃ শফিকুল আলম)  
উপসচিব